"ছেলে হোক, মেয়ে হোক,
দু'টি সন্তানই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd

স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.২৬

তারিখ: ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

বিষয়: **স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে জরুরী যোগাযোগ নম্বর চালুকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে চালু ২২৩৪ টি স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে জনবান্ধব সেবার অংশ হিসেবে জনসাধারণ ও সেবাগ্রহীতাদের জরুরী যোগাযোগ ও তথ্য/সেবা প্রদানের জন্য হটলাইন সেবার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এ নম্বরগুলো পরিচালনার লক্ষ্যে এমআইএস ওপি'র সহায়তায় প্রতিটি স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য একটি করে ফিচার মোবাইল সেট ক্রয়ের জন্য (প্রতিটির প্রাক্কলিত মূল্য ২,৯০০/- টাকা ধরে) সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার বরাবর বরাদ্দ প্রদান করা হয়েছে। ফোন সেট ক্রয় করে সেটের ব্রান্ড, মডেল, ক্রয়মূল্য সহ একটি প্রতিবেদন এবং ভাউচারের কপি অত্র দপ্তরে মেইলে প্রেরণের অনুরোধ করা হলো।

চালুকৃত ২২৩৪ টি স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের তথ্য ও সেবার জন্য ১টি করে হটলাইন নম্বর প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সংশ্লিষ্ট মোবাইল অপারেটর থেকে পাওয়া একই সিরিজের মোবাইল নম্বরের সিম কার্ড সংশ্লিষ্ট উপপরিচালক (পরিবার পরিকল্পনা) বরাবর ডাক বিভাগের জিইপি'র মাধ্যমে প্রেরণ করা হয়েছে। স্ব স্ব জেলা থেকে সংযুক্ত তালিকা অনুযায়ী নির্ধারিত সিম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১ ফেব্রুয়ারি/২০২৩খ্রিঃ থেকে প্রদত্ত সিম নম্বরগুলো ব্যবহারের জন্য চালুকৃত ২২৩৪ টি স্বাভাবিক প্রসবসেবা প্রদানকারী ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রতিটিতে তথ্য ও সেবা বিষয়ক নম্বরে উপযুক্ত হারে এমআইএস ওপি'র টেলিফোন খাত থেকে বরাদ্দ প্রদান করা হবে।

এমতাবস্থায়, বরাদ্দকৃত ফিচার ফোনে সংযুক্ত তালিকা মোতাবেক প্রদত্ত নম্বর ইনসার্ট করে কেন্দ্রে হটলাইন নম্বর চালু করার জন্য অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্ত-২ ফর্দ (নীতিমালা ও সিম নম্বরসমূহের তালিকা)

৩১-১-২০২৩
মোঃ শাহাদৎ হোসেন

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়,
................................. সংশ্লিষ্ট উপজেলা।

পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমআইএস)
ফোন: ৫৫০১২৩৫২
ইমেইল: dirmis@dgfp.gov.bd

স্মারক নম্বর: ৫৯.১১.০০০০.৪০৩.২০.০০২.২০.২৬/১(৭)

তারিখ: ১৭ মাঘ ১৪২৯
৩১ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক/লাইন ডাইরেক্টর,..............................., পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২) পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল ও সিলেট বিভাগ।


৩) উপপরিচালক (পরিবার পরিকল্পনা), .........................জেলা।

৪) মেডিকেল অফিসার (MCH-FP),............................ উপজেলা........................জেলা।

৫) জনাব মোঃ আতিকুর রহমান ইনুক, সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, এমআইএস ইউনিট (আপনাকে সংযুক্ত নীতিমালা ও সেবাকেন্দ্রের তালিকাসহ হটলাইন বিষয়ক পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো)

৬) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।

৭) পরিচালক (এমআইএস) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এমআইএস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।



৩১-১-২০২৩
মেহবুব মোর্শেদ
প্রোগ্রাম ম্যানেজার (এমআইএস)